

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ
১৬, আব্দুল গণি সড়ক, ঢাকা-১০০০
e-mail: dmss@dgfood.gov.bd
web: www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৫০.০০৫.১৮.১৯৫(২)

তারিখঃ ০৬/০৩/২০১৮ খ্রিঃ

বিষয় সড়ক, রেল ও নৌ পথে সর্বমোট ২৭,৩০০ মেটন গমের চলাচল সূচি।

সূত্র : সাইলো অধীক্ষক, চট্টগ্রাম এর ০৮/০২/২০১৮ খ্রিঃ তারিখের ১৩.০৯.০০০০.০০৫.৫০.০৫৭.১৮.৩৩৯ নং স্মারক।

সূত্রস্থ স্মারকে চট্টগ্রাম সাইলোতে খালি জায়গা সৃষ্টির লক্ষ্যে রেল, সড়ক ও নৌ পথে সর্বমোট ২৭,৩০০ মেটন গমের চলাচল সূচি নিম্নোক্তভাবে জারি করা হলো।

পরিবহনের ক্ষেত্রে পালনীয় নির্দেশনাবলী :

- ১। সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো প্রেরক হিসেবে কার্য সম্পাদন করবেন।
- ২। আখানি/চসনি প্রযোজ্য ক্ষেত্রে সূচির এলএসডি/সিএসডি'র ক্রম অনুযায়ী উপ-সূচি জারি করবেন এবং অত্র দপ্তরে উক্ত উপ-সূচির কপি/অনুলিপি প্রেরণ করবেন।
- ৩। গম পরিবহন, বোঝাই এবং খালাসকালে কোন সমস্যা উদ্ভূত হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাত্ক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং ত্বরিত নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ সহ খাদ্য অধিদপ্তরকে অবহিত করবেন।
- ৪। কীট আক্রান্ত কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না।
- ৫। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাতে হবে এবং এ বিষয়ে আখানি, জেখানি, সাইলো অধীক্ষক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন।
- ৬। ভি-ইনভয়েসে গমের গুণগতমান ও ধরণ সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে।
- ৭। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদার ভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুত ও জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক প্রতিস্বাক্ষর পূর্বক ফ্যাক্স যোগে অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- ৮। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ও ঠিকাদার ভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্স যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন।
- ৯। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ তার অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/ভারপ্রাপ্ত কর্তৃকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন।
- ১০। সূচির মেয়াদ আগামী ১৪/০৩/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।
- ১১। সূচির নির্ধারিত তারিখের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহনে ব্যর্থ হলে পরবর্তীতে আগ্রহী ঠিকাদারের অনুকূলে উপ-সূচি জারি করার জন্য আখানি/চসনিদের অনুরোধ করা হলো।

প্রাপক : ১। সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো।
২। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম।

২৪০
(মোঃ আলাউদ্দীন চালা)
সহঃ উপ-পরিচালক (চপরেস)

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৫০.০০৫.১৮.১৯৫/২(৩০)

তারিখঃ ০৬/০৩/২০১৮ খ্রিঃ

অনুলিপি : সদয় অবগতি/অবগতির জন্য।

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। অতিঃ মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩। পরিচালক, হিসাব ও অর্থ/সববি বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪। পরিচালক, পরিবহণ, বাংলাদেশ রেলওয়ে, রেল ভবন ঢাকা।
- ৫। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম।
- ৬। সাইলো অধীক্ষক, আশুগঞ্জ সাইলো।
- ৭। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। জেলা খাদ্য নিয়ন্ত্রক,
- ৯। ব্যবস্থাপক, চাঁদপুর সিএসডি।
- ১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা..... এলএসডি।

সহঃ উপ-পরিচালক (চপরেস)
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ

৬/৩/১৮

